

উত্তম চর্চার তালিকা (২০২০-২০২১)  
বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা

বায়োলজিক্যাল রিসার্চ ডিভিশন  
সয়েল এন্ড ইনভায়রনমেন্ট সেকশন

- অফিস নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে এবং যথাযথ ভাবে মাস্ক ব্যবহার করে অত্র সেকশনের সকল বিজ্ঞানী ও কর্মচারীবৃন্দ যথাসময়ে অফিসে আসা, যাওয়া এবং গবেষণার কাজ করে থাকে।
- সকল যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে লগ বই যথাযথ ভাবে ম্যানটেন করে এবং ব্যালেন্স ব্যবহারের ক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্নতা সহ সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হয়।
- বিদ্যুৎ, পানি এবং গ্যাস জাতীয় সম্পদ ব্যবহারের ক্ষেত্রে অপয়োজনীয় অপচয় রোধ করার সর্বোচ্চ সতর্কতা অনুসরণ করা হয়।
- অত্র শাখায় কর্মরত বিজ্ঞানীগণ সরকার এর বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের সাথে সরাসরি অংশগ্রহণ করে পরিবেশের ভারসাম্য রক্ষার এবং পরিবেশের দূষণের বিরূপ প্রভাব মোকাবেলার কৌশল হিসাবে বর্তমানে মেট্রোরেলের প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ করনে বাংলাদেশ সরকারের স্বতন্ত্র প্রতিনিধি হিসাবে কার্যক্রম পরিচালনা করছে এবং সময় সময় সরকারকে এই বিষয় পরামর্শ প্রদান করে।

কেমিক্যাল রিসার্চ ডিভিশন

- কেমিক্যাল রিসার্চ ডিভিশনের সকল বিজ্ঞানী ও কর্মচারীবৃন্দ অফিসে আসা-যাওয়া এবং গবেষণাগারে অর্পিত কাজ করার ক্ষেত্রে যথাযথ ভাবে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে এবং সামাজিক দূরত্ব বজায় রাখে।
- অত্র ডিভিশনের সকল বিজ্ঞানীবৃন্দ তাদের R&D গবেষণা এবং এনালাইটিক্যাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে Log Book-এ সবকিছু লিপিবদ্ধ করে এবং সময় মত চাহিদা মোতাবেক সব রিপোর্ট প্রদান করে।

ফাইবার এন্ড পলিমার রিসার্চ ডিভিশন

- অত্র বিভাগের সকল বিজ্ঞানী ও কর্মচারীবৃন্দ অফিসে আসা, যাওয়া এবং গবেষণাগারে কাজ করার ক্ষেত্রে যথাযথ ভাবে মাস্ক ব্যবহার করে এবং স্বাস্থ্যবিধি মেনে পারস্পরিক দূরত্ব বজায় রাখার চেষ্টা করে।

*knalw*

*৩২*

- অত্র বিভাগের সকল বিজ্ঞানীবৃন্দ তাদের আর এন্ড ডি কাজ এবং এনালাইটিক্যাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে রেজিস্টার খাতায় সবকিছু লিপিবদ্ধ করে এবং সময় মত চাহিদা মোতাবেক সব রিপোর্ট প্রদান করে থাকে।
- বিজ্ঞানীবৃন্দ ইন্সট্রুমেন্ট পরিচালনার ক্ষেত্রে নিয়মিত লগবুক মেইনটেইন করে এবং ইন্সট্রুমেন্ট এর মেইন ইউজার বিজ্ঞানী তার বিকল্প হিসেবে এক থেকে দুই জন ইউজার বিজ্ঞানী তৈরী করার চেষ্টা করে এবং মেনে চলে।

### ইন্ডাস্ট্রিয়াল ফিজিক্স ডিভিশন

- ইন্ডাস্ট্রিয়াল ফিজিক্স ডিভিশন সপ্তাহের প্রতি মঙ্গলবার ডিভিশনের চলমান গবেষণা ও উন্নয়ন (R&D) প্রকল্প সমূহের অগ্রগতি পর্যালোচনা এবং প্রকল্প বাস্তবায়নে সমস্যার সমাধানের লক্ষ্যে সাপ্তাহিক সভা আয়োজন করে থাকে। এছাড়া ডিভিশনের সকল কর্মকর্তা ও কর্মচারীর শৃঙ্খার কর্মকান্ড, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত সহ সার্বিক বিষয়ে এই সভায় আলোচনা করা হয় এবং যাবতীয় সিদ্ধান্তসমূহ লিখিতভাবে সংরক্ষণ করা হয়। ফলে ডিভিশনের বিজ্ঞানীগণ সকল বিষয়ে অবগত থাকেন এবং পরস্পরের মধ্যে আন্তরিকতা ও কর্মস্পৃহা বৃদ্ধির মাধ্যমে চলমান গবেষণা ও উন্নয়ন (R&D) প্রকল্প সমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করেন।
- বিদ্যুৎ এর অপচয় রোধ এবং এই বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রাথমিক ভাবে ইন্ডাস্ট্রিয়াল ফিজিক্স ডিভিশনে “Switch OFF” নামক বিদ্যুৎ সাশ্রয়ী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগের মূল বিষয় হচ্ছে প্রয়োজন ব্যতীত বাতি, পাখা, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতির বৈদ্যুতিক সংযোগ বন্ধ রাখা। ডিভিশনের সকল কর্মকর্তা ও কর্মচারী প্রতি মাসে নির্দিষ্ট ফরমে বৈদ্যুতিক সংযোগ বন্ধ রাখার হিসাব সংরক্ষণ করেন এবং স্বচ্ছতার জন্য পরস্পরের হিসাব ফরম নিরীক্ষা করা হয়। উল্লেখ্য, সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে উৎসাহ প্রদানের জন্য সর্বাধিক “Switch OFF” কর্মসূচী পালনকারীকে বাৎসরিক পুরস্কার প্রদানের ব্যবস্থা করা হয়।

### ফার্মাসিউটিক্যাল সাইন্সেস রিসার্চ ডিভিশন

- অফিস চলাকালীন সময়ে স্বাস্থ্যমন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিধি মেনে সকল বিজ্ঞানী, কর্মচারীবৃন্দ ও পরিদর্শকবৃন্দ যথাযথভাবে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে এবং সামাজিক দুরত্ব বজায় রেখে গবেষণা ও দাপ্তরিক কাজ করে থাকে।
- বিজ্ঞানী, গবেষণা ফেলো, পিএইচডি ও এম.ফিল গবেষক, এম.এস. পর্যায়ের ছাত্র-ছাত্রী গবেষণা কাজের অগ্রগতি, সমস্যা ও সমাধানে কার্যকরী পদক্ষেপের সমন্বয়হীনতা পরিলক্ষিত হয়। এ কারণে সাপ্তাহিক সভার আয়োজন ও আলোচনার মাধ্যমে গবেষণা কার্যক্রম পরিচালনা ও উদ্ভূত পরিস্থিতি সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হয়। ফলে কাজের অগ্রগতি, ভবিষ্যৎ পরিকল্পনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করা হয়।
- বিভিন্ন ধরনের যেমন সেলকালচার গবেষণাগারের, মাইক্রোবায়োলজিক্যাল ও ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদির বর্জ্য এর কারণে গবেষণাগারের পরিবেশ অপরিচ্ছন্ন হত। ফলে গবেষণাগারে ক্ষতিকর জমাকৃত বর্জ্য দূততার সাথে অপসারণের ব্যবস্থা নিয়মিতভাবে গ্রহণ করা হয়। এতে গবেষণাবান্ধব পরিবেশ বজায় থাকে।

*kmahr*

*[Signature]*

- অফিস চলাকালীন সময়ে বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীগণ জরুরী প্রয়োজনে অফিসের বাইরে গেলে তার কোন নথি ছিল না। বর্তমানে মুভমেন্ট রেজিস্ট্রার এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যার ফলে জরুরী প্রয়োজনে বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীগণ অফিসের বাইরে গেলে গন্তব্য, যাওয়া ও আসার সময় মুভমেন্ট রেজিস্ট্রার খাতায় লিপিবদ্ধ করায় সহজে তাদের অবস্থানের তথ্য পাওয়া যায়।
- রাসায়নিক দ্রব্যাদির সঠিক ইনভেন্টরী না থাকায় অপ্রতুলতা, চাহিদা ও সনাক্তকরণ বিঘ্নিত হচ্ছিল। এ জন্য রাসায়নিক দ্রব্যাদির ইনভেন্টরী রেজিস্ট্রার তৈরী করা হয়েছে। ফলে রাসায়নিক দ্রব্যাদির চাহিদা ও সরবরাহ নিশ্চিত হয়েছে যা গবেষণার গতি ত্বরান্বিত করেছে।
- নতুনভাবে আগত ও পুরাতন যন্ত্রপাতি ও আনুষঙ্গিক উপকরণের তালিকা না থাকায় বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হত। তাই যন্ত্রপাতির ও আনুষঙ্গিক উপকরণের ইনভেন্টরী রেজিস্ট্রার করা হয়েছে। ফলে যন্ত্রপাতি ও আনুষঙ্গিক উপকরণের সরবরাহ ও মেরামত সহজীকরণের মাধ্যমে যন্ত্রপাতির যথাযথ ব্যবহার নিশ্চিত হয়েছে।

#### ফিজিক্যাল ইনস্ট্রুমেন্টেশন ডিভিশন

- অফিস চলাকালীন সময়ে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিধি মেনে সকল বিজ্ঞানী, প্রকৌশলী ও কর্মচারীবৃন্দ যথাযথভাবে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে গবেষণা ও দাপ্তরিক কাজ করে থাকে।
- অফিস চলাকালীন সময়ে বিজ্ঞানী/প্রকৌশলী, কর্মকর্তা ও কর্মচারীগণ জরুরী প্রয়োজনে অফিসের বাইরে গেলে গন্তব্য, কারণ, যাওয়া ও আসার তারিখ ও সময় মুভমেন্ট রেজিস্ট্রার খাতায় লিপিবদ্ধ করা হয়।
- অত্র ডিভিশনে যে সকল যন্ত্রপাতি মেরামত করা হয় তার নাম, রিকুইজিশন প্রদানকারী ইউনিট/বিভাগ, তারিখ, কাজের বিবরণ সংক্ষিপ্ত আকারে রেজিস্ট্রার খাতায় লিপিবদ্ধ করা হয়।
- অত্র ডিভিশনে ব্যবহৃত যন্ত্রপাতিসমূহ ও কম্পিউটার ব্যবহারের পর বন্ধ রাখা হয়। এছাড়া বৈদ্যুতিক বাতি, পাখা বন্ধ করা হয়েছে কিনা তা কক্ষ ত্যাগের পূর্বেই নিশ্চিত করা হয়।

#### পাল্ল এন্ড পেপার রিসার্চ ডিভিশন

- অত্র বিভাগের সকল যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে সকল বিজ্ঞানী ও কর্মচারীবৃন্দ সচেতন থাকে।
- সকল বিজ্ঞানী ও কর্মচারীবৃন্দ অত্র গবেষণা বিভাগের আর এন্ড ডি কাজ ত্বরান্বিত করতে এবং এনালাইটিক্যাল সার্ভিস দ্রুততম সময়ে সম্পন্ন করতে সচেতন থাকে।

*Khaledun Nahar Babi*

10.12.2020

KHALEDUN NAHAR BABI  
Senior Scientific Officer  
Physical Instrumentation Division  
BCSIR Laboratories, Dhaka-1205

*Dr. Md. Sarwar Jahan*  
30/12/20  
Dr. Md. Sarwar Jahan  
Director  
BCSIR Laboratories, Dhaka  
Dr. Quadrat-i-Khuda Road  
Dhaka-1205